মেহেরপুরের স্টলে প্রধানমন্ত্রীর প্রশংসা

বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা পদক ২০২৬ অনুষ্ঠানে মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের স্টল পরিদর্শন করেছেন মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমান। এ সময় তিনি মেহেরপুর জেলার প্রাথমিক শিক্ষার উন্নয়নচিত্র ঘুরে দেখেন এবং স্টলের উপস্থাপনা ও সার্বিক কার্যক্রমের প্রশংসা করেন।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের স্টলের প্রতিনিধিত্ব করেন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুকুমার রায়। স্টল নির্মাণ ও উপস্থাপনায় সহযোগিতা করেন পিটিআই, মেহেরপুরের ইনস্ট্রাক্টর মো. আবুল কালাম আজাদ এবং জেলার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

স্টলে মেহেরপুর জেলার প্রতিনিধিত্বকারী বিদ্যালয় হিসেবে অংশ নেয় বড়বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়ের পক্ষে স্টল উপস্থাপন করেন সহকারী শিক্ষক শামীমা সুলতানা। এছাড়া তৃতীয় শ্রেণির শিক্ষার্থী সালসাবিল আজাদ শিক্ষার্থীদের পক্ষ থেকে স্টলের বিভিন্ন বিষয় উপস্থাপন করেন।